



নম্বর-৪৬.১০.০০০০.০০৫.৪৫.০০৭.২১-২২

তারিখ ০৬ মাঘ ১৪২৭
২০ জানুয়ারি ২০২১

অফিস আদেশ

স্থানীয় সরকার বিভাগের মধ্যস্থতায় গত ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা ওয়াসার মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকের মাধ্যমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রভুক্ত এলাকার জলাবদ্ধতা নিরসনে বৃষ্টির পানি নিষ্কাশনের দায়িত্ব ঢাকা ওয়াসার নিকট থেকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ঢাকা মহানগরীর জলাবদ্ধতা নিরসনকল্পে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রভুক্ত খাল, কালভার্ট ও স্টর্ম ওয়াটার ড্রেন ব্যবস্থাপনা ও পরিচ্ছন্নতা কার্যক্রম সুচারুরূপে সম্পাদনের স্বার্থে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা সমন্বয়ে নিম্নরূপ একটি সমন্বয় সেল গঠন করা হলোঃ

১.	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	-	সভাপতি
২.	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	-	সদস্য
৩.	মহাব্যবস্থাপক (পরিবহন), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	-	সদস্য
৪.	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	-	সদস্য
৫.	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (যান্ত্রিক), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	-	সদস্য
৬.	প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	-	সদস্য
৭.	সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	-	সদস্য
৮.	নির্বাহী প্রকৌশলী, পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	-	সদস্য
৯.	নির্বাহী ম্যাজিস্ট্রেট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	-	সদস্য
১০.	অতিরিক্ত প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	-	সদস্য-সচিব

২.০। কার্যপরিধি :

- গঠিত কমিটি ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের এই সংক্রান্ত স্থায়ী কমিটির পরামর্শ নিতে হবে।
- ঢাকা ওয়াসা থেকে ন্যস্ত ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রভুক্ত খাল, কালভার্ট ও স্টর্ম ওয়াটার ড্রেন ব্যবস্থাপনা ও পরিচ্ছন্নতা কার্যক্রম বিষয়ে পরিকল্পনা প্রণয়ন,
- ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অধিক্ষেত্রভুক্ত খাল, কালভার্ট ও স্টর্ম ওয়াটার ড্রেনের নিয়মিত পরিচ্ছন্নতা,
- ঢাকা ওয়াসা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনসহ অন্যান্য অংশীজন বিভাগসমূহের সাথে যথাযথ সমন্বয়,
- খাল, কালভার্ট ও স্টর্ম ওয়াটার ড্রেনে পানি প্রবাহের প্রতিবন্ধকতা চিহ্নিতকরণ ও অপসারণ,
- কর্তৃপক্ষের আরোপিত অন্যান্য দায়িত্ব পালন

৩.০। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(রবীন্দ্রশ্রী বড়ুয়া)

সচিব (যুগ্মসচিব)

ফোন-৮৮৩৪৯৩০

বিতরণঃ

গঠিত কমিটির সভাপতি/ সদস্য/ সদস্য-সচিব-----

ই-মেইল:secretary@dncc.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিবেশ, জলবায়ু ও দুর্যোগ ব্যবস্থাপনা সার্কেল, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- অফিস কপি।